# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

নথি নং -বিঅ-৬/৪৯০০/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.১৪৩৪

তারিখ: ১৯-১০-২০২০

বিষয়: অভিযোগ তদন্ত প্রসঙ্গে।

সূত্র : অভিযোগকারীর ৩০-০৯-২০২০ তারিখের আবেদন (আইডি- (২৪৫২)

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সাতক্ষীরা জেলার তালা উপজেলাধীন কুমিরা পাইলট মাধ্যমিক বালিকা বিদ্যালয় এর বিগত নিয়মিত ম্যানেজিং কমিটির সভাপতি জনাব সনৎ কুমার ঘোষ এর বিরুদ্ধে নিয়োগ, অর্থ বানিজ্য এবং দুর্নীতি সংক্রান্ত জনাব মোঃ আব্দুর রফিক, পিতা:-মোঃ সেকেন্দার আলী মোড়ল গং একটি অভিযোগ দাখিল করেছেন। উক্ত অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্তপূর্বক প্রতিবেদন ১৫ (পনের) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৯-১০-২০২০
(ড. বিশ্বাস শাহিন আহম্মদ)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
০৪২১-৬৮৬৩৪

জেলা শিক্ষা অফিসার
সাতক্ষীরা।

নথি নং-বিঅ-৬/৪৯০০/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.১৪৩৪ (৫)

তারিখ: ১৯-১০-২০২০

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১। উপজেলা নির্বাহী অফিসার, তালা, সাতক্ষীরা।
২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, তালা, সাতক্ষীরা।
৩। প্রধান শিক্ষক, কুমিরা পাইলট মাধ্যমিক বালিকা বিদ্যালয়, কুমিরা, তালা, সাতক্ষীরা।
৪। অভিযোগকারী, কুমিরা পাইলট মাধ্যমিক বালিকা বিদ্যালয়, কুমিরা, তালা, সাতক্ষীরা।
৫। অফিস নথি।

১৯-১০-২০২০
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

বরাবর,

স্কুল পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, যশোর।

বিষয়ঃ কুমিরা পাইলট বালিকা বিদ্যালয়ের দূর্ণীতিবাজ কমিটির সভাপতিকে পুনরায় এডহক কমিটির সভাপতি পদে মনোনয়ন না দেওয়া প্রসঙ্গে।

মহোদয়,

উপরোক্ত বিষয়ের আলোকে বিনীত নিবেদন এই যে, কুমিরা পাইলট বালিকা বিদ্যালয় অত্র এলাকার একটি সুনামধন্য প্রতিষ্ঠান। উক্ত প্রতিষ্ঠানের দূর্ণীতিবাজ কমিটির দূর্ণীতির কারণে সুনামধন্য প্রতিষ্ঠানটির সুনাম নষ্ট হচ্ছে। প্রতিষ্ঠানের সাধারণ তহবিল এর অর্থ আত্মসাত সহ স্কুলের লাগানো বড় বড় গাছ ভূয়া টেন্ডারের নামে কর্তন করে কমিটির অন্যতম সদস্য রফিকুল ইসলাম এর নির্মাণাধীন বাড়ির দরজা জানালার কাজে ব্যবহৃত হচ্ছে। দাতা সদস্য বানানোর ক্ষেত্রে নিজেদের পকেটের লোক বানানোর জন্য প্রতিষ্ঠানের ফান্ডে কোন অর্থ জমা না দিয়ে সাদা কাগজে প্রতিষ্ঠানের নামে বিশ হাজার করে অর্থ জমা দেখানো হয়েছে। সর্বশেষ গত ১২/০৯/২০ইং তারিখে অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর পদে লোক নিয়োগে একাধিক প্রার্থীদের নিকট থেকে আগাম নগদ অর্থ গ্রহণ করায় নিয়োগ বোর্ডের দিন আবেদনকারী প্রার্থীরা গোলমাল শুরু করলে **মাননীয় জেলা প্রশাসক মহোদয়** উক্ত নিয়োগ বোর্ড বন্ধ ঘোষণা করেন। যাহা স্থানীয় সকল পত্রিকায় ছাপানো হয়। পত্রিকার কাটিং সংযোজিত।

অতএব, মহোদয়ের নিকট বিনীত নিবেদন সুনামধন্য প্রতিষ্ঠানটি রক্ষার জন্য বিগত কমিটির সভাপতি যাতে পুনরায় মনোনয়ন না পায় তার ব্যবস্থা করতে মর্জি হয়।

বিনীত নিবেদক

এলাকাবাসীর পক্ষে

মোঃ আব্দুর রফিক

পিতা- মৃত: সেকেন্দার আলী মোড়ল

গ্রাম + ডাকঘর - কুমিরা

উপজেলা-তালা

জেলা- সাতক্ষীরা

মোবাইল নং- ০১৭২২-৩৪৫৩৬৯